

বিজিএ/কাস/২০২৩/৩০৪

২১ ডিসেম্বর, ২০২৩

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ তৈরি পোশাক রপ্তানির ক্ষেত্রে অযৌক্তিকভাবে ডিসকাউন্ট দাবীকারক ক্রেতাদের তালিকা প্রেরণ করা প্রসঙ্গে।

সূত্রঃ বাংলাদেশ ব্যাংকের ডিসকাউন্ট কমিটির ৭৭তম সভার সিদ্ধান্ত।

সম্মানিত সদস্যবৃন্দ ও সহকর্মীবৃন্দ,


আসসালামু আলাইকুম।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা জানেন যে, চুক্তি/এলসি মোতাবেক রপ্তানির জন্য পণ্য প্রস্তুত করার পর না নেওয়া, পণ্য পোর্ট হতে খালাসের পর স্বেচ্ছায় দেউলিয়া ঘোষণা করার জন্য আদালতের স্বরণাপন্ন হওয়া, বিদেশী পোর্টে পণ্য পৌঁছানোর পর ডিসকাউন্ট দাবী করা ইত্যাদি নানাবিধ অযৌক্তিক উপায়ে কোন কোন অসাধু বিদেশী ক্রেতা আমাদের রপ্তানিকারকদের নিকট ডিসকাউন্ট দাবী করেন। ব্যাংকের ঋণ ও সুদ রপ্তানিকারককেই পরিশোধ করতে হয় এবং ইএক্সপি ওভারডিউ হলে তারই কারখানা বন্ধ হয়ে যাওয়ার সম্ভাবনাসহ বিভিন্ন ধরনের জটিলতা তৈরী হয়। তাই দীর্ঘ দেন-দরবারের এক পর্যায়ে রপ্তানিকারকরা বাধ্য হয়ে ক্রেতার ডিসকাউন্ট দাবী মেনে নেয়। আপনারা জানেন ৫% এর উপরে ডিসকাউন্ট হলে বাংলাদেশ ব্যাংকের ডিসকাউন্ট কমিটিতে বিজিএমইএ'কে কেস টু কেস বিভিন্নভাবে উপস্থাপন করে ডিসকাউন্ট অনুমোদন করাতে হয়। উল্লেখ্য কোন কোন জটিল কেস প্রতারক চক্রের শক্ত কৌশল, রপ্তানিকারক প্রতিষ্ঠানের ডকুমেন্টের অভাব এবং সংশ্লিষ্ট এডি ব্যাংকের দুর্বল উপস্থাপনার কারণে ডিসকাউন্ট কমিটি কর্তৃক অনুমোদন করানো সম্ভব হয় না। কাজটি, খুবই কঠিন। বিজিএমইএ দীর্ঘদিন যাবৎ এ গুরুদায়িত্ব পালন করে যাচ্ছে।

গত ১১/১২/২০২৩ইং তারিখে অনুষ্ঠিত ডিসকাউন্ট কমিটিকে বিজিএমইএ এই মর্মে বুঝাতে সক্ষম হয় যে, বিদেশী ক্রেতাকে আমাদের রপ্তানিকারকরা স্বেচ্ছায় ডিসকাউন্ট দেয় না। প্রতারক ক্রেতা, বায়িং হাউজ এবং ফ্রেইট ফরোয়ার্ডারের ফাঁদে পড়ে তাঁরা বাধ্য হয়ে ডিসকাউন্ট দিতে রাজী হয়। বিজিএমইএ'র জোর দাবীর প্রেক্ষিতে বিষয়টি প্রথমবারের মত কার্যবিবরণীতে অন্তর্ভুক্ত হয়েছে। উল্লেখ্য ডিসকাউন্ট কমিটির কার্যপদ্ধতি সম্পর্কে কোন তথ্যের বা সহযোগীতার প্রয়োজন হলে উক্ত কমিটিতে বিজিএমইএ কর্তৃক মনোনিত সদস্য, ডাইরেক্টর-ইন-চার্জ এবং ডেনিম এক্সপার্ট লিঃ এর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ মহিউদ্দিন রুবেল, ফোন: ০১৭৩০৩৩৪৪৭৭, ই-মেইল: rubel@denimexpert.com এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

এমতাবস্থায়, ভবিষ্যতে এ ধরনের অসাধু চক্রের ফাঁদে পড়ে কোন রপ্তানিকারক যাতে ক্ষতিগ্রস্ত না হয় সেজন্য তাদেরকে চিহ্নিত করে সকল ব্যাংক ও রপ্তানিকারকদেরকে অবহিত করার লক্ষ্যে যখনই প্রতারক ক্রেতা, বায়িং হাউজ ও ফ্রেইট ফরোয়ার্ডারের সম্মুখীন হবেন তখনই তাদের তালিকা যথাযথ প্রমাণসহ বিজিএমইএ'তে প্রেরণ করার নিমিত্তে বাংলাদেশ ব্যাংকের ডিসকাউন্ট কমিটির ৭৭তম সভার সিদ্ধান্ত মোতাবেক আপনাদেরকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

ধন্যবাদান্তে,


ফারুক হাসান
সভাপতি

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •